

ফাইন্যান্সিয়াল স্ট্যাবিলিটি ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
পোস্ট বক্স নং-৩২৫
ঢাকা।

website: www.bb.org.bd

এফএসডি সার্কুলার নং-০২

০৪ পৌষ ১৪২০
তারিখ: -----
১৮ ডিসেম্বর ২০১৩

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

'Interbank Transaction Matrix' Template এর ব্যবহার বিধি প্রসঙ্গে।

ব্যাংক ও অন্যান্য আমানত গ্রহণকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যকার আন্তঃসংযোগ অনেক সময় তাদের জন্য ঝুঁকির কারণ হয়ে দাঁড়ায়। উপরন্তু, সমস্যাটি যদি সিস্টেমিক হয় তবে এরূপ ঝুঁকি কোন একটি নির্দিষ্ট প্রতিষ্ঠানের মধ্যে সীমাবদ্ধ না থেকে আন্তঃসংযুক্ত অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানসমূহ, যেমন ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান, এর জন্যও ঝুঁকি সৃষ্টি করে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে আর্থিক সঙ্কট মোকাবিলায় প্রস্তুত করা এবং সম্ভাব্য অভ্যন্তরীণ অথবা বহিঃস্থ হুমকিসমূহের বিষয়ে সচেতন করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক জানুয়ারী, ২০১৪ হতে "Interbank Transaction Matrix" প্রবর্তন করতে যাচ্ছে। এটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের তারল্য ব্যবস্থাপনা পর্যবেক্ষণের উদ্দেশ্যে ব্যবহার্য একটি মনিটরিং টুল। আর্থিক প্রতিষ্ঠানসমূহ ও আন্তঃব্যাংক বাজারে উদ্ভূত তারল্য চাপ হতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের পাশাপাশি আর্থিক ব্যবস্থাকে নিরাপদ রাখার জন্য এই ম্যাট্রিক্স এ ধরনের প্রতিষ্ঠানসমূহ খুঁজে বের করে আগাম সতর্কীকরণ সংকেত প্রদান করতে সহায়তা করবে। এটি আন্তঃব্যাংক বাজারে অন্তর্নিহিত আন্তঃসম্পর্ক ও আন্তঃনির্ভরশীলতাকেও উন্মোচন করবে। এ লক্ষ্যে, একটি Data Template এবং ব্যবহার বিধি প্রস্তুত করা হয়েছে।

সকল তফসিলি ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানকে এখন থেকে মাসিক ভিত্তিতে (প্রতি মাসের শেষে পরবর্তী ছয়(০৬) কার্যদিবসের মধ্যে) একটি কমপ্যাক্ট ডিস্কে (সিডি) সংশ্লিষ্ট ব্যবহার বিধি এবং নির্দিষ্ট Data Template (Input Format) অনুযায়ী রিপোর্টিং করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রাথমিকভাবে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে জুলাই হতে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত ০৬টি পৃথক মাসের প্রতিটির জন্য পৃথক Data Template যথাযথভাবে পূরণকরতঃ ২৮শে জানুয়ারী ২০১৪ তারিখের মধ্যে দাখিল করতে হবে। এজন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল স্ট্যাবিলিটি ডিপার্টমেন্ট হতে ২রা জানুয়ারী ২০১৪ তারিখের মধ্যে উক্ত সিডি সংগ্রহ করতে হবে।

আগামী জানুয়ারী, ২০১৪ হতে ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ যথারীতি উল্লিখিত সময়সীমার মধ্যে Template টি দাখিল করবে।

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে Template টির শুধুমাত্র সফট কপি ফাইন্যান্সিয়াল স্ট্যাবিলিটি ডিপার্টমেন্টের মহাব্যবস্থাপক বরাবরে (ই-মেইলঃ gm.fsd@bb.org.bd) দাখিল করতে হবে। Template এর মুদ্রিত সংস্করণ দাখিলের কোন প্রয়োজন নেই। পূরণকৃত Template টি সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এর অফিসিয়াল ই-মেইল, বিশেষ করে, Head of Treasury/Compliance এর ই-মেইল হতে প্রেরণ করতে হবে। ব্যক্তিগত ই-মেইল এর ব্যবহার নিরুৎসাহিত করা হচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,
স্বা/-
(দেবাশিস্ চক্রবর্তী)
মহাব্যবস্থাপক
ফোন : ০২-৯৫৩০২৭৯